**"একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
(শিক্ষা শাখা)
মহাখালী, ঢাকা
**www.dgnm.gov.bd**

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২.০১.২৯২.২৬-৪০৭ তারিখঃ ০৬/০৮/২০২৬ খ্রি.।

## ভর্তি বিজ্ঞপ্তি

সরকারি ও বেসরকারি নার্সিং কলেজসমূহে ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে, সরকারি নার্সিং কলেজের তালিকা নিম্নরূপ:-

| ক্রম | সরকারি কলেজের নাম | কোর্সের নাম | আসন সংখ্যা | |
|---|---|---|---|---|
| ০১ | কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা | ক.ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | | ২০ |
| ০২ | ফৌজদারহাট নার্সিং কলেজ, চট্টগ্রাম | ক.ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | | ২০ |
| ০৩ | বগুড়া নার্সিং কলেজ, বগুড়া | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | | ২০ |
| ০৪ | খুলনা নার্সিং কলেজ, খুলনা | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | |
| | | গ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি | | ২০ |
| ০৫ | সৈয়দা জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ৬৩ | ১২৫ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ৬২ | |
| ০৬ | রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | |
| ০৭ | ময়মনসিংহ নার্সিং কলেজ, ময়মনসিংহ | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | |
| ০৮ | রংপুর নার্সিং কলেজ, রংপুর | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | |
| ০৯ | সিলেট নার্সিং কলেজ, সিলেট | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | |
| ১০ | বরিশাল নার্সিং কলেজ, বরিশাল | ক. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং | ১০ | ২০ |
| | | খ. ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং | ১০ | |

২। উল্লেখ্য, সরকারি নার্সিং কলেজে ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সরকার অনুমোদিত এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক নিবন্ধিত যে সকল বেসরকারি নার্সিং কলেজগুলিতে ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্স চালু আছে উক্ত কলেজগুলিতে মেধাক্রমের ভিত্তিতে ভর্তি হবেন।

৩। সরকারি প্রার্থীগন বেসরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের "উচ্চশিক্ষা নীতিমালা ২০২৩" প্রযোজ্য হবে।

৪। **প্রার্থীর যোগ্যতা:**

**(ক) বাংলাদেশি প্রার্থী: (ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং এবং ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং এর জন্য)**

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- তিন অথবা চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ডিগ্রি থাকতে হবে;
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে;
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/ নার্স / নার্সিং সুপারভাইজার পদে কমপক্ষে দুই বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র আছে মর্মে অনলাইন আবেদনে উল্লেখ থাকতে হবে;
- বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার প্রয়োজন নেই।

**(খ) বাংলাদেশি প্রার্থী: (ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সের জন্য)**

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- তিন বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ডিগ্রি থাকতে হবে;
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে হালনাগাদ রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে;
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে উক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য মিডওয়াইফ পদে ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে এবং অভিজ্ঞতার স্বপক্ষে স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যয়নপত্র আছে মর্মে অনলাইন আবেদনে উল্লেখ থাকতে হবে;
- ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সের আসন কেবল নারী মিডওয়াইফদের জন্য সংরক্ষিত থাকবে।

**(গ) বিদেশি প্রার্থী:**

- ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক নার্সিং, ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক পাবলিক হেলথ নার্সিং ও ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট বেসিক মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২১" এর শর্তাবলী যথাযথ অনুসরণে বিদেশি নাগরিকগণ আবেদন করতে পারবেন;
- বিদেশি প্রার্থীর আবেদনপত্র, এসএসসি/ সমমানের সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও নার্সিং/ মিডওয়াইফারি সনদ/ নিবন্ধন নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে সত্যায়নসহ নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে জমা দিতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় নির্দিষ্ট সময়ের মধ্যে তা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে।
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর সমতাকরণ প্রতিবেদনের আলোকে মন্ত্রণালয় কর্তৃক ভর্তির অনুমতি প্রদান করা হবে;
- বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে পাসকৃত বাংলাদেশি শিক্ষার্থীদের এসএসসি/সমমানের, এইচএসসি/সমমানের সার্টিফিকেট, ট্রান্সক্রিপ্ট ও নার্সিং/ মিডওয়াইফারি সনদ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর সমতাকরণ প্রতিবেদনের আলোকে নিবন্ধন সনদ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয় কর্তৃক ভর্তির অনুমতি প্রদান করা হবে।

**৫. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদানের নিয়মাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://dgnmpb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনে সময়সীমা নিম্নরূপ:

(i) Online- আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১১-০৮-২০২৬ খ্রি: মঙ্গল বার সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online- আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৩ -০৯- ২০২৬ খ্রি. বৃহস্পতিবার বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ (pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে যা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন প্রগ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৫০০ (পাঁচশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**SMS এর নিয়মাবলী:**

প্রথম SMS: DGNMPB<space> লিখে User ID send করতে হবে 16222 নম্বরে

Example: DGNMPB ABCDEF & send to 16222
Reply Applicant's Name. Th 500 will be charged as application fee Your PIN is 12345678 To pay fee Type DGNMPB<Space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS**: DGNMPB<space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example DGNMPB Yes 12345678 & send to 16222

Reply: Congratulations Applicant's Name. Payment completed successfully for DGNMPB Application for BSC in post basic Nursing Public Health Nursing/ Midwifery User ID is (ABCDEP) and password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dgnmp.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে।

০৬। **ডিক্লারেশন**: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। ভর্তি পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা পরিলক্ষিত হলে তার প্রার্থীতা এবং ভর্তি বাতিল বলে গণ্য হবে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। **ভর্তিচ্ছুক প্রার্থীকে নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ক ১০০ নম্বরের MCQ প্রশ্নের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।** পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবে না। পরীক্ষার হলে যে কোন প্রকার ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ডিভাইস (ক্যালকুলেটর, মোবাইল ফোন বা এ জাতীয় কোন যন্ত্রপাতি) সংগে আনা যাবে না। শুধুমাত্র পেন্সিল, কালো কালির বলপয়েন্ট কলম, রাবার, স্কেল ইত্যাদি ব্যবহার করতে পারবেন।

**৮। অন্যান্য শর্তাবলী:**

(ক) সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে ১০/০৮/২০২৬ খ্রি. তারিখে যাদের সরকারি চাকরির মেয়াদ ০২ বছর পূর্ণ হয়নি, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(খ) নির্বাচিত প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজ পত্রাদির অনুলিপি ন্যূনতম ১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা (৯ম গ্রেড) কর্তৃক সত্যায়িত করে জমাদান পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব মূল কর্মস্থল হতে ছাড়পত্র গ্রহণ করে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে।

(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল /সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি রঙিন Applicant's Copy, প্রবেশপত্র (Admit Card), ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের প্রমাণক জমা দিতে হবে।

(ঘ) কোন প্রতিষ্ঠানেই অনুমোদিত আসনের অতিরিক্ত দেশি অথবা বিদেশি শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

(ঙ) বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল হতে প্রাপ্ত হাল নাগাদ রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৯। নির্বাচিত প্রার্থী কলেজে অধ্যয়নকালে কোন প্রকার চাকরি, প্রশিক্ষণ বা অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবেন না।

১০। কোর্সে অধ্যয়নকালে সংশ্লিষ্ট নার্সিং কলেজ/বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম/বিধি-বিধান মেনে চলতে হবে।

১১। নির্বাচিত পুরুষ শিক্ষার্থীকে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। আবাসন সংকুলান না হলে মহিলা শিক্ষার্থীকেও নিজ দায়িত্বে আবাসনের ব্যাবস্থা করতে হবে।

**১২। আবেদনের তারিখ ও সময়সূচী:**

| | |
|---|---|
| অনলাইন আবেদনে (Application) শুরুর তারিখ | ১১/০৮/২০২৬ তারিখ মঙ্গলবার (সকাল-১০.০০ঘটিকা) |
| অনলাইন আবেদনে (Application) শেষ তারিখ | ০৩/০৯/২০২৬ তারিখ বৃহস্পতিবার (বিকাল-৫.০০ঘটিকা) |
| ভর্তি পরীক্ষার ফি জমাদানের তারিখ | ০৫/০৯/২০২৬ তারিখ শনিবার বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত |
| প্রবেশপত্র আউনলোড (Download) এর তারিখ | ০৯/০৯/২০২৬ তারিখ বুধবার সকাল ১০.০০ ঘটিকা হতে ০২/১০/২০২৬ তারিখ শুক্রবার রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ০৩/১০/২০২৬ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ টা হতে ১১.০০ পর্যন্ত ০১ ঘন্টাব্যাপী MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। |

**বি: দ্র:** ১। আবেদনের লিংক: https://dgnmp.teletalk.com.bd

২। আবেদনকালীন কোন জিজ্ঞাসা থাকলে নিম্নেবর্ণিত মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো (সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ।

(ক) খাদিজা বাসমিন, সহকারী পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা এর মোবাইল নম্বর: ০১৭২১-০৯০৭১৫

(খ) মো: মুক্তার হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা এর মোবাইল নম্বর: ০১৭১৬-৫৪৯৭৬৬

০৩/০৮/২০২৬

নাহিদ-উল-মোস্তাক
(উপসচিব)
পরিচালক, শিক্ষা
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ও
সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০২.০১.২৯২.২৬-৪০৭ তারিখঃ ০৬/০৮/২০২৬ খ্রি.।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৮। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। পরিচালক (প্রশাসন/ অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১০। অধ্যক্ষ, নার্সিং কলেজ (সংশ্লিষ্ট সকল).................।
১১। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

০৬/০৮/২০২৬

পরিচালক, শিক্ষা
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ও
সদস্য সচিব, ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি